যুগান্তর

তারিখ 18 MAY 2013
পৃষ্ঠা 24 কলাম 7

আইডিয়াল স্কুল

# আবদুস সালামের শিক্ষক প্রতিনিধি পদ বাতিল দাবি

যুগান্তর রিপোর্ট

আইডিয়াল স্কুল অ্যান্ড কলেজের সহকারী প্রধান শিক্ষক আবদুস সালাম খানের গভর্নিং বডির শিক্ষক প্রতিনিধি পদ বাতিলের দাবি জানিয়েছে প্রতিষ্ঠানটির অভিভাবক ফোরাম। রোববার ফোরামের চেয়ারম্যান জিয়াউল কবির দুলুর সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় এ দাবি জানানো হয়।

সভায় বলা হয়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা বিধি অনুযায়ী সহকারী প্রধান শিক্ষক প্রতিষ্ঠানের শিক্ষক প্রতিনিধি হতে পারেন না। অথচ ঢাকা জেলা শিক্ষা অফিসার এবং ঢাকার মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের কতিপয় দুর্নীতিপরায়ন কর্মকর্তাদের সহায়তায় অনৈতিকভাবে আবদুস সালাম খান পরপর দুটি গভর্নিং বডির এডহক কমিটির শিক্ষক প্রতিনিধি মনোনীত হয়েছেন।